Q.B. Sl. No. : 1043710

# PHILOSOPHY

| QUESTION BOOKLET SERIES |
| --- |
| **A** |

## SEMESTER-III

## 2027

| SUBJECT CODE NO. | |
| --- | --- |
| 4 | 2 |

PHIL.42.A-9001

Total Time : 1 Hour 30 Minutes ] [ Total Marks : 40

**বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলি / Multiple Choice Questions / बहुविकल्पीय प्रश्न**

**পরীক্ষার্থীদের প্রতি নির্দেশাবলি / INSTRUCTIONS TO CANDIDATES / परीक्षार्थियों के लिये निर्देश :**

1. OMR উত্তরপত্র পূরণ করার পূর্বে 2 নং পৃষ্ঠায় প্রদত্ত সকল নির্দেশাবলি মনোযোগ সহকারে পড়বে এবং ঐ অনুযায়ী কাজ করবে।

   Before filling the OMR Answer Sheet, read the instructions provided on Page 2 carefully and act accordingly.

   OMR उत्तर पत्रक को भरने के पहले इसके पृष्ठ 2 पर प्रदत्त सभी निर्देशों को ध्यानपूर्वक पढ़ें तथा उसके अनुसार कार्य करें।

2. উত্তর দেওয়ার পূর্বে OMR উত্তরপত্রে 1 নং পৃষ্ঠায় প্রদত্ত ক্রমিক সংখ্যা 1 থেকে 6 সতর্কভাবে পূরণ করবে (**1.** রেজিস্ট্রেশন নং, **2.** রোল নং, **3.** বিষয় কোড নং, **4.** প্রশ্ন পুস্তিকা সিরিজ, **5.** বিষয় এবং **6.** পরীক্ষার্থীর পূর্ণ স্বাক্ষর) এবং OMR উত্তরপত্রের শীর্ষে প্রদত্ত স্থানে প্রশ্ন-পুস্তিকা ক্রমসংখ্যা অবশ্যই পূরণ করবে। অন্যথায় OMR উত্তরপত্রের মূল্যায়ন হবে না এবং এর জন্য পরীক্ষার্থী সম্পূর্ণরূপে দায়ী থাকবে। **ক্রমিক সংখ্যা 7 এবং 8 কেবলমাত্র ইনভিজিলেটর পূরণ করবে।**

   Before answering, fill in the Sl. Nos. from 1 to 6 given on Page 1 of the OMR Answer Sheet very carefully (**1.** Registration No., **2.** Roll No., **3.** Subject Code No., **4.** Question Booklet Series, **5.** Subject and **6.** Full Signature of the candidate), including the Question Booklet Serial No. ( Q. B. Sl. No. ) at the designated space at the top of the OMR Answer Sheet failing which, the OMR Answer Sheet will not be evaluated and the sole responsibility will go to the candidate. **Sl. Nos. 7 and 8 will be filled by the Invigilator only.**

   उत्तर देने से पहले OMR उत्तर पत्रक के पृष्ठ 1 पर प्रदत्त क्रम संख्या 1 से 6 तक सभी प्रविष्टियाँ (**1.** रजिस्ट्रेशन नं०, **2.** रोल नं०, **3.** विषय कोड नं०, **4.** प्रश्न पुस्तिका सिरीज , **5.** विषय तथा **6.** परीक्षार्थी का पूर्ण हस्ताक्षर) ध्यानपूर्वक पूर्ण करें तथा OMR उत्तर पत्रक के ऊपर में दिये स्थान पर प्रश्न पुस्तिका क्रम संख्या अवश्य भरें। ऐसा नहीं करने पर OMR उत्तर पत्रक का मूल्यांकन नहीं होगा तथा इसका उत्तरदायित्व पूर्ण रूप से परीक्षार्थी का होगा। **क्रम संख्या 7 तथा 8 की पूर्ति केवल वीक्षक ही करेंगे।**

| ভাষান্তর/Versions /भाषा | পৃষ্ঠা থেকে/From Page/पृष्ठ से | পৃষ্ঠা পর্যন্ত /To Page/पृष्ठ तक |
| --- | --- | --- |
| বাংলা/Bengali/बांग्ला | 3 | 16 |
| ইংরাজী/English/अंग्रेजी | 17 | 30 |
| হিন্দী/Hindi /हिन्दी | 31 | 42 |

**এই প্রশ্নপুস্তিকার পৃষ্ঠা সংখ্যা 2 এবং 44-এ মুদ্রিত অবশিষ্ট নির্দেশাবলি মনোযোগ সহকারে পড়ো।**
**Read the rest of the instructions carefully printed on Page Nos. 2 and 44 of this Question Booklet.**
**इस प्रश्न पुस्तिका की पृष्ठ संख्या 2 एवं 44 पर मुद्रित शेष निर्देशों को ध्यानपूर्वक पढ़ें।**

PHIL.42.A-9001



HAZARNOTES.COM

প্রতিটি প্রশ্নের বিকল্প উত্তরগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি বেছে নিয়ে OMR উত্তরপত্রে উত্তর দাও।

1. "ঈশ্বরই একমাত্র দ্রব্য" বলেছেন

(A) দেকার্ত (B) স্পিনোজা

(C) লাইবনিজ (D) হিউম

2. দর্শনগতভাবে 'দ্রব্য' শব্দের ইংরেজী প্রতিশব্দ 'Substance' শব্দটি এসেছে যে গ্রীক শব্দ থেকে, সেটি হল

(A) Ousia (B) Substantia

(C) Being (D) Substratum

3. 'কারণ হল এমন একটি সক্রিয় শক্তি যা আবশ্যিকভাবে কার্য উৎপন্ন করে' — একথা বলেছেন

(A) লক্ (B) বার্কলে

(C) হিউম (D) মিল

4. 'কারণ ও কার্যের অনিবার্যতা হল যৌক্তিক অনিবার্যতা', স্বীকার করেছেন

(A) হিউম (B) ইউয়িং

(C) বার্কলে (D) লক্

5. দেহ ও মনের সম্বন্ধ বিষয়ে কোন্ মতবাদ শক্তির নিত্যতা নিয়মের বিরোধী ?

(A) তাদাত্ম্যবাদ (B) সমান্তরালবাদ

(C) ক্রিয়া-প্রতিক্রিয়াবাদ (D) উপলক্ষ্যবাদ

6. দেহ ও মন সম্পর্কিত স্পিনোজার মতবাদটি হল

(A) উপলক্ষ্যবাদ (B) মিথস্ক্রিয়াবাদ

(C) সমান্তরালবাদ (D) বহুত্ববাদ

7. দেকার্তের মতে, নিরপেক্ষ দ্রব্যটি হল

(A) আত্মা (B) মন

(C) জড় দ্রব্য (D) ঈশ্বর

8. "দ্রব্য = ঈশ্বর = প্রকৃতি" — কে বলেছেন ?

(A) স্পিনোজা (B) লক্

(C) হিউম (D) লাইবনিজ

9. 'দেহ ও মনকে ঈশ্বরের দুটি গুণ' বলেছেন

(A) স্পিনোজা (B) হিউম

(C) কান্ট (D) দেকার্ত

10. স্তম্ভ – I এর সাথে স্তম্ভ – II মিলিয়ে সঠিক বিকল্পটি বেছে নাও :

| স্তম্ভ-I | | স্তম্ভ-II | |
|---|---|---|---|
| i) | লাইবনিজ | a) | সমান্তরালবাদ |
| ii) | বার্কলে | b) | পূর্ব-প্রতিষ্ঠিত শৃঙ্খলাবাদ |
| iii) | দেকার্ত | c) | অহংসর্বস্ববাদ |
| iv) | স্পিনোজা | d) | ক্রিয়া-প্রতিক্রিয়াবাদ |

বিকল্পসমূহ :

| | i | ii | iii | iv |
|---|---|---|---|---|
| (A) | (a) | (d) | (b) | (c) |
| (B) | (b) | (c) | (d) | (a) |
| (C) | (a) | (c) | (b) | (d) |
| (D) | (c) | (d) | (a) | (b) |

1043710

11. "দ্রব্য হল জ্ঞাত গুণের অজ্ঞাত আধার" — কে বলেছেন ?

(A) লাইবনিজ (B) দেকার্ত

(C) লক্ (D) স্পিনোজা

12. সতত সংযোগ তত্ত্বের প্রবক্তা হলেন

(A) লক্ (B) হিউম

(C) বার্কলে (D) দেকার্ত

13. 'সর্বং খল্বিদং ব্রহ্ম' — এই মতবাদটি কার ?

(A) বৌদ্ধদের (B) নৈয়ায়িকদের

(C) বিশিষ্টাদ্বৈতবাদীদের (D) অদ্বৈতবাদীদের

14. আচার্য শংকরের মতে, মায়ার সত্তা হল

(A) পারমার্থিক (B) ব্যবহারিক

(C) প্রাতিভাসিক (D) কাল্পনিক

15. শূন্যস্থান পূরণ কর :

সৎ, চিৎ ও আনন্দ হল ব্রহ্মের ................. লক্ষণ ।

(A) বাহ্যিক (B) অভ্যন্তরীণ

(C) স্বরূপ (D) তটস্থ

16. শংকরাচার্যের মতে, সগুণ ব্রহ্মই হলেন

(A) ঈশ্বর (B) জীব

(C) আত্মা (D) জড় পদার্থ

17. অদ্বৈত বেদান্ত মতে, ত্রিবিধ সত্তা হল

(A) পারমার্থিক সত্তা, ব্যবহারিক সত্তা, প্রাতিভাসিক সত্তা

(B) অভ্যন্তরীণ সত্তা, বাহ্যিক সত্তা, বস্তু সত্তা

(C) কার্য-কারণ সত্তা, শুদ্ধ সত্তা, অনন্ত সত্তা

(D) বাহ্যিক সত্তা, ব্রহ্ম সত্তা, নিত্য সত্তা

18. আচার্য রামানুজের মতবাদ কী নামে পরিচিত ?

(A) কেবলাদ্বৈতবাদ (B) দ্বৈতবাদ

(C) বিশিষ্টাদ্বৈতবাদ (D) অচিন্ত্য ভেদাভেদবাদ

19. যে লক্ষণের দ্বারা ব্রহ্মের তাৎক্ষণিক ও অনিত্য জ্ঞান হয়, তাকে বলা হয়

(A) স্বরূপ লক্ষণ (B) বিরূপ লক্ষণ

(C) তটস্থ লক্ষণ (D) অনিবার্য লক্ষণ

20. আচার্য শংকরের মতে, ব্রহ্মে কোন্ জাতীয় ভেদ বর্তমান ?

(A) সজাতীয় (B) বিজাতীয়

(C) স্বগত (D) কোন ভেদ নেই

21. ''আত্মহত্যা হল নৈতিক অপরাধ'' — এটি বলেছেন

(A) দুরখেইম (B) সক্রেটিস

(C) কান্ট (D) মিল

22. কৃপাহত্যার বিষয়টি কোন্ শাস্ত্রে আলোচিত হয় ?

(A) অধিবিদ্যায় (B) ব্যবহারিক নীতিবিদ্যায়

(C) সমাজবিদ্যায় (D) ধর্ম দর্শনে

23. কোন্ দেশ সর্বপ্রথম কৃপাহত্যাকে আইনগত স্বীকৃতি প্রদান করে ?

(A) ইংল্যাণ্ড (B) নেদারল্যাণ্ড

(C) ব্রাজিল (D) আমেরিকা

24. পরিবেশগত নীতিবিদ্যার প্রধান উদ্দেশ্য হল

(A) প্রাকৃতিক সম্পদের শোষণ বৃদ্ধি করা

(B) শিল্পায়নকে উৎসাহিত করা

(C) পরিবেশ দূষণকে উপেক্ষা করা

(D) মানুষ ও প্রকৃতির মধ্যে ভারসাম্য রক্ষা করা



HAZARNOTES.COM

25. 'Practical Ethics' গ্রন্থের রচয়িতা কে ?

(A) হোমস্ রলস্টন (B) জন পাসমোর

(C) পিটার সিঙ্গার (D) পল টেলর

26. 'Euthanasia' শব্দটি কোন্ দুটি গ্রীক শব্দ থেকে এসেছে ?

(A) 'Eu' এবং 'Athanasia' (B) 'Eu' এবং 'Thanates'

(C) 'Eu' এবং 'Thanatos' (D) 'Eue' এবং 'Thanasia'

27. এমিল দুরখেইম .................... প্রকার আত্মহত্যার কথা বলেছেন।

(A) এক (B) দুই

(C) তিন (D) চার

28. জীবকেন্দ্রিকতাবাদ–এর মূল বক্তব্য হল

(A) প্রতিটি জীবের স্বতঃ মূল্য আছে

(B) প্রতিটি জীবেরই পরতঃ মূল্য আছে

(C) প্রতিটি প্রাণীর জীবন উদ্দেশ্যমুখী

(D) প্রতিটি প্রাণীর জীবন কর্তব্যমুখী

29. স্তম্ভ – I এর সাথে স্তম্ভ – II মিলিয়ে সঠিক বিকল্পটি বেছে নাও :

| স্তম্ভ – I | | স্তম্ভ – II | |
|---|---|---|---|
| i) | Practical Ethics | a) | পিটার সিঙ্গার |
| ii) | Suicide : A Study in Sociology | b) | হিউম |
| iii) | On Suicide | c) | দুরখেইম |
| iv) | Silent Spring | d) | র‍্যাচেল কারসন |

বিকল্পসমূহ :

| | i | ii | iii | iv |
|---|---|---|---|---|
| (A) | (d) | (b) | (c) | (a) |
| (B) | (c) | (d) | (b) | (a) |
| (C) | (a) | (c) | (b) | (d) |
| (D) | (a) | (b) | (c) | (d) |

30. 'Deep Ecology'-এর লেখক কে ?

(A) আর্নে নেস

(B) আর্ন্ষ্ট হেকেল

(C) রলস্টন

(D) পাসমোর

31. 'রাষ্ট্র' শব্দটি আধুনিক অর্থে সর্বপ্রথম কে ব্যবহার করেছেন ?

(A) বোদাঁ (B) ল্যাস্কি

(C) সিসেরো (D) ম্যাকিয়াভেলি

32. সমাজে শান্তি-শৃঙ্খলা রক্ষার জন্য সরকার কর্তৃক নির্ধারিত নিয়মাবলীকে বলা হয়

(A) প্রথা (B) ধর্ম

(C) আইন (D) সংস্কৃতি

33. "সমাজ দর্শন হল সমাজবিজ্ঞান ও দর্শনের মিলনস্থল" — বলেছেন

(A) ম্যাকেঞ্জি (B) লিলি

(C) গিসবার্ট (D) মিল

34. দার্শনিক প্লেটো কোন্ গ্রন্থে আদর্শ রাষ্ট্রব্যবস্থার কথা বলেছেন ?

(A) Phaedo
(B) Protagoras
(C) Theaetetus
(D) Republic

35. বিদ্যালয় কোন্ ধরনের প্রতিষ্ঠান ?

(A) পারিবারিক প্রতিষ্ঠান
(B) ধর্মীয় প্রতিষ্ঠান
(C) নৈতিক প্রতিষ্ঠান
(D) গঠনমূলক প্রতিষ্ঠান

36. যে গোষ্ঠীর সদস্যদের মধ্যে ঘনিষ্ঠ, ব্যক্তিগত এবং মুখোমুখি পরিচয়ের সুযোগ থাকে, তাকে বলে

(A) মাধ্যমিক গোষ্ঠী
(B) প্রাথমিক গোষ্ঠী
(C) স্বল্পকালীন গোষ্ঠী
(D) দীর্ঘস্থায়ী গোষ্ঠী

37. রাষ্ট্রের উপাদান কয়টি ?

(A) চারটি
(B) পাঁচটি
(C) ছয়টি
(D) সাতটি

38. সমাজের ক্ষুদ্রতম একক কী ?

(A) পরিবার

(B) রাষ্ট্র

(C) দল

(D) সংগঠন

39. সমাজতাত্ত্বিক পরিধির সঠিক ক্রমানুসারে ( ক্ষুদ্র থেকে বৃহৎ ) সাজাও :

i) প্রতিষ্ঠান

ii) সম্প্রদায়

iii) সংঘ

iv) সমাজ

বিকল্পসমূহ :

(A) (i) → (iii) → (ii) → (iv)

(B) (iv) → (ii) → (iii) → (i)

(C) (i) → (ii) → (iii) → (iv)

(D) (iv) → (iii) → (ii) → (i)

40. সমাজ দর্শনের আলোচনার প্রকৃতি কিরূপ ?

(A) বস্তুনিষ্ঠ (B) আদর্শনিষ্ঠ

(C) বর্ণনামূলক (D) গঠনমূলক